যুগান্তর

তারিখ ... 25 AUG 2015 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ২ ...

বেসরকারি বিশ্ববিদ্যালয়

# টিউশন ফির ভ্যাট নিয়ে ফের হাইকোর্টের রুল

যুগান্তর রিপোর্ট

বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিকেল কলেজ ও বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীদের টিউশন ফির ওপর ৭ দশমিক ৫ শতাংশ ভ্যাট আরোপ করা কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে ফের রুল জারি করেছেন হাইকোর্ট। এ ভ্যাট আরোপের সিদ্ধান্ত স্থগিত চেয়ে করা একটি রিট আবেদনের শুনানি নিয়ে সোমবার এ রুল জারি করেন বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি জেএন দেব চৌধুরীর সমন্বয়ে গঠিত বেঞ্চ। তিন সপ্তাহের মধ্যে অর্থ সচিব, শিক্ষা সচিব, এনবিআর সচিব ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যানকে রুলের জবাব দিতে বলা হয়েছে। আবেদনের পক্ষে শুনানিতে অংশ নেন ব্যারিস্টার নাজমুল হুদা। ১৯ আগস্ট আদালতে আবেদনটি দায়ের করেন ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির আইন বিভাগের শিক্ষার্থী আজিজুর রহমান খান, ইস্টওয়েস্ট ইউনিভার্সিটির বিবিএর শিক্ষার্থী এখলাসুর রহমান, বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস টেকনোলোজির বিবিএর শিক্ষার্থী রেজাউল ইসলাম খানসহ চার শিক্ষার্থী।

বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিকেল কলেজ ও বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীদের টিউশন ফির ওপর ৭ দশমিক ৫ শতাংশ ভ্যাট আরোপ করে ৪ জুলাই এনবিআর প্রজ্ঞাপন জারি করে। এ প্রজ্ঞাপনের বৈধতা চ্যালেঞ্জ করে রিটটি দায়ের করা হয়।